

# 💵 আত্ তারগীব ওয়াত্ তারহীব

হাদিস নাম্বারঃ ৪৮১

৫. সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২৬) বিনা ওযরে আসর নামায ছুটে যাওয়ার প্রতি ভীতি প্রদর্শন

الترهيب من فوات العصر بغير عذر

## আরবী

(صحيح) وَعَنْ نوفل بن معاوية رَضِيَ اللَّهُ عَنْهُ أنه سمع رسول الله صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يقول من فاتته صلاة العصر فكأنما وتر أهله وماله وفي رواية قال نوفل صلاة من فاتته فكأنما وتر أهله وماله قال ابن عمر قال رسول الله صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: هي العصر. رواه النسائي

#### বাংলা

৪৮১. (সহীহ্) নওফল বিন মুয়াবিয়া (রাঃ) থেকে বর্ণিত। তিনি শুনেছেন রাসুলুল্লাহ (সালাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম)কে একথা বলতেঃ "যে ব্যক্তির একটি নামায ছুটে গেল সে যেন তার পরিবার এবং সম্পদ থেকে বিচ্ছিন্ন হয়ে গেল।"

অন্য বর্ণনাতে রয়েছেঃ নওফল বলেন, এমন একটি নামায রয়েছে যদি কোন ব্যক্তির উহা ছুটে যায় তাহলে সে তার পরিবার ও সম্পদ থেকে বিচ্ছিন্ন হয়ে যায়।

ইবনে ওমার বলেন, রাসুলুল্লাহ (সালাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেছেনঃ ''নামাযটি হচ্ছে আসরের নামায।'' (হাদীছটি বর্ণনা করেছেন নাসাঈ ১/২৩৮)

### হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ নাওফাল বিন মুআবিয়া (রাঃ)

# 🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন